# Proeast™

*Saccharomyces boulardii*

## Composition:

Proeast™ 5 billion Capsule: Each sprinkle capsule contains *Saccharomyces boulardii* 5 billion.

Proeast™ 5 billion Sachet: Each Sachet contains *Saccharomyces boulardii* 5 billion.

## Description:

*Saccharomyces boulardii* is a live non-pathogenic yeast probiotic that improves the intestinal environment by restoring the balance of gut microbiota, strengthens the intestinal immune system. It improves gut function. It is a strong acid-resistant and temperature tolerant yeast probiotic, which is not affected by antibacterial agents. *Saccharomyces boulardii* stimulates the immune system to help the body to destroy harmful bacteria. It secretes molecules that produce an anti-inflammatory effect which reduces inflammation in the gut wall. *Saccharomyces boulardii* neutralizes bacterial toxins such as cholera toxins, *Clostridium difficile* toxins or *Escherichia coli* toxins. It also interferes with harmful bacterial strains to stop them from attaching to and invading the gut wall. *Saccharomyces boulardii* increases the acidity of the intestine and inhibits the reproduction of harmful bacteria. It also produces bacteriocins which act as natural antibiotics to kill undesirable microorganisms. It is effective in the treatment and prevention of different types of diarrheas in infants, children and adults. It helps to support a healthy digestive system and maintains the balance of intestinal flora. It is also effective for the treatment of amoebiasis and watery diarrhea caused by *Vibrio cholerae. Saccharomyces boulardii* also prevents traveler's diarrhea.

## Indications and Uses:

Proeast™ is indicated for-

- Acute infectious diarrhea
- Antibiotic-associated diarrhea and colitis
- Tube-feeding associated diarrhea
- Recurrence of *Clostridium difficile* disease (in addition to Vancomycin/ Metronidazole)

## Dosage:

Generally 5-10 billion to be taken twice daily or as advised by the physicians.

| | |
|---|---|
| Infants/Children | 10 billion/ day |
| Adult | 10-20 billion /day |

## Administration:

Powder of **Proeast™** can be directly taken orally or mixed with sufficient amount of water or a beverage or in baby food. The mixture should be taken immediately and should not be poured or mixed with very cold or hot liquid.

## Duration of Use:

The duration of the treatment should be at least 1 week and treatment should continue for a few days after the symptoms have stopped. The maximum duration of treatment in the usual indication is 4 weeks.

## Side Effects:

Generally well tolerated in the recommended dose. Occasionally may cause flatulence, constipation and allergic reaction.

## Contraindications:

Proeast™ is contraindicated in patients with a known hypersensitivity to any of the ingredients of the formulation or with yeast allergy. **Proeast™** is contraindicated in patients with central venous catheter. The capsules should not be open in the surroundings of critically ill or immunocompromised patients due to a risk of airborne contamination.

## Drug Interactions:

Concomitant use of monoamine-oxidase inhibitors with *Saccharomyces boulardii* may increase blood pressure.

## Pregnancy and Lactation:

The safety or risk of *Saccharomyces boulardii* during pregnancy and lactation has not been evaluted by clinical trial.

## Warning and Precautions:

*Saccharomyces boulardii* is a living cell therefore it should not be mixed with very hot / iced drinks or food.

## Storage:

Do not store above 25°C, protect from light and moisture. Refrigeration is optional.

Keep out of reach of children.

## Packs:

Proeast™ 5 billion Capsule: Each box contains 3x10 sprinkle capsules in Alu-Alu blister pack. Each blister is supplied within light protected tamper evident pouch with a desiccant bag.

TM = Trade Mark

RADIANT NUTRACEUTICALS

Manufactured by

**Radiant Nutraceuticals Ltd.** (Herbal Division)
B-34, BSCIC Industrial Estate
Tongi, Gazipur-1710, Bangladesh

# প্রোইস্ট™

*স্যাকারোমাইসিস বোলারডি*

**উপস্থাপনঃ**

**প্রোইস্ট™** ৫ বিলিয়ন ক্যাপসুল: প্রতিটি স্প্রিংক্লেল ক্যাপসুলে রয়েছে *স্যাকারোমাইসিস বোলারডি* ৫ বিলিয়ন।

**প্রোইস্ট™** ৫ বিলিয়ন স্যাশে: প্রতিটি স্যাশে-তে রয়েছে *স্যাকারোমাইসিস বোলারডি* ৫ বিলিয়ন।

**বিবরণঃ**

*স্যাকারোমাইসিস বোলারডি* একটি নন-প্যাথোজেনিক জীবন্ত ইস্ট প্রোবায়োটিক, যা গাট মাইক্রোবায়োটার ভারসাম্য পুনরুদ্ধার এবং অন্ত্রের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করার মাধ্যমে অন্ত্রের স্বাস্থ্য রক্ষা করে। এটি অন্ত্রের কার্যকারিতা উন্নত করে। এটি একটি শক্তিশালী অ্যাসিড-প্রতিরোধী ও তাপমাত্রা সহনশীল ইস্ট প্রোবায়োটিক, যা অ্যান্টিব্যাকটেরিয়াল এজেন্ট দ্বারা ক্ষতিগ্রস্থ হয় না। *স্যাকারোমাইসিস বোলারডি* শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতাকে ত্বরান্বিত করার মাধ্যমে ক্ষতিকারক ব্যাকটেরিয়া ধ্বংস করতে সাহায্য করে। এটি প্রদাহ বিরোধী মলিকুল (প্রোটিন) নিঃসরণ করে, যার ফলে অন্ত্রের প্রাচীরের প্রদাহ হ্রাস হয়। *স্যাকারোমাইসিস বোলারডি* ব্যাকটেরিয়াজনিত টক্সিন যেমন কলেরা টক্সিন, *ক্লসট্রিডিয়াম ডিফিসিলে* টক্সিন এবং *ইশেরিয়া কোলাই* টক্সিনকে নিষ্ক্রিয় করে। এটি ক্ষতিকারক ব্যাকটিরিয়ার স্ট্রেনগুলিকে অন্ত্রের প্রাচীরে সংযুক্ত এবং আক্রমণে বাঁধা প্রদান করে। *স্যাকারোমাইসিস বোলারডি* অন্ত্রের অম্লতা বৃদ্ধি এবং ক্ষতিকারক ব্যাকটিরিয়ার প্রজননে বাঁধা প্রদান করে। এটি ব্যাক্টেরিওসিন্স তৈরি করে যা ন্যাচারাল অ্যান্টিবায়োটিকের ন্যায় কাজ করার মাধ্যমে ক্ষতিকারক অণুজীবকে মেরে ফেলে । নবজাতক, শিশু এবং প্রাপ্তবয়স্কদের বিভিন্ন ধরণের ডায়রিয়ার চিকিৎসা ও প্রতিরোধে এটি কার্যকর। এটি পাচনতন্ত্রের স্বাস্থ্য সুরক্ষায় সহায়তা করে এবং অন্ত্রের ফ্লোরার ভারসাম্য বজায় রাখে। এটি *ভিবরিও কলেরা* নামক জীবানু দ্বারা সৃষ্ট ডায়রিয়ার ও অ্যামিবিয়াসিস এ কার্যকরী। *স্যাকারোমাইসিস বোলারডি* ভ্রমণজনিত ডায়রিয়া প্রতিরোধে কার্যকরী ভূমিকা পালন করে।

**নির্দেশনা ও ব্যবহারঃ**

**প্রোইস্ট™** নির্দেশিত-

- তীব্র সংক্রামক ডায়রিয়া
- অ্যান্টিবায়োটিকজনিত ডায়রিয়া এবং কোলাইটিস
- টিউবে-খাওয়ানো সম্পর্কিত ডায়রিয়া
- *ক্লস্ট্রিডিয়াম ডিফিসিলে* জীবানু দ্বারা সৃষ্ট রোগের পুনরাবৃত্তি (ভ্যানকোমাইসিন/মেট্রোনিডাজলের সাথে সহব্যবহারে)

**মাত্রাঃ**

সাধারণত ৫-১০ বিলিয়ন দৈনিক দুইবার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নির্দেশিত।

| | |
|---|---|
| শিশু | ১০ বিলিয়ন দৈনিক |
| প্রাপ্তবয়স্ক | ১০-২০ বিলিয়ন দৈনিক |

**সেবনবিধিঃ**

**প্রোইস্ট™** ক্যাপসুল/ স্যাশের পাউডার সরাসরি অথবা অল্প পরিমাণ বিশুদ্ধ পানিতে মিশ্রিত করে বা শিশুর খাবারের সাথে সেব্য। মিশ্রণটি তৈরির সাথে সাথে সেবন করতে হবে এবং অতিমাত্রায় ঠান্ডা বা গরম বা বরফ-ঠান্ডা জাতীয় খাবার বা পানীয় এর সাথে প্রোইস্ট মিশ্রিত করা যাবে না।

**সেবনের স্থিতিকালঃ**

সেবনের স্থিতিকাল কমপক্ষে ১ সপ্তাহ এবং উপসর্গ গুলো বন্ধ হওয়ার পরে কয়েক দিনের জন্য চালিয়ে যেতে হবে। এই ওষুধটি সেবনের সর্বাধিক সময়কাল ৪ সপ্তাহ।

**পার্শ্বপ্রতিক্রিয়াঃ**

নির্দেশিত মাত্রায় *স্যাকারোমাইসিস বোলারডি* শরীরের জন্য সহনশীল। কদাচিৎ পেট ফাঁপা, কোষ্ঠকাঠিন্য এবং এলার্জি জনিত জটিলতা দেখা যেতে পারে।

**প্রতিনির্দেশনাঃ**

যে সকল রোগীদের *স্যাকারোমাইসিস বোলারডি* বা ইস্ট এর প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত। সেন্ট্রাল ভেনাস ক্যাথেটারযুক্ত রোগীদের ব্যবহারের ক্ষেত্রে প্রতিনির্দেশনা রয়েছে। বায়ুজনিত দূষণের ঝুঁকি থাকায় গুরুতর অসুস্থ অথবা ইমিউনো-কম্প্রোমাইজড রোগীদের আশেপাশে ক্যাপসুল বা স্যাশে খোলা যাবে না।

**অন্য ওষুধের সাথে ক্রিয়াঃ**

মনোএমাইন-অক্সিডেস ইনহিবিটর এর সাথে *স্যাকারোমাইসিস বোলারডির* সহব্যবহারের ক্ষেত্রে রক্তচাপ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা থাকে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহারঃ**

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে *স্যাকারোমাইসিস বোলারডির* ব্যবহার সম্পর্কে কোন তথ্য জানা যায়নি।

**পূর্বসতর্কতাঃ**

**প্রোইস্ট™** ক্যাপসুলে/স্যাশে-তে জীবন্ত *স্যাকারোমাইসিস বোলারডি* আছে যার জন্য এই ওষুধটি গরম ও বরফযুক্ত পানীয় বা খাবারের সাথে মিশ্রিত করা যাবে না।

**সংরক্ষণঃ**

২৫° সেলসিয়াস তাপমাত্রার উপর সংরক্ষণ করা থেকে বিরত থাকুন, আলো এবং আর্দ্রতা থেকে দূরে রাখুন।

সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহঃ**

**প্রোইস্ট™** ৫ বিলিয়ন ক্যাপসুল: প্রতিটি বাক্সে রয়েছে ৩ X ১০ টি স্প্রিঙ্কেল ক্যাপসুল, অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে। প্রতিটি ব্লিস্টার আলো প্রতিরোধক পাউচের ভিতর ডেসিকেন্ট এর সাথে সরবরাহকৃত।

**প্রোইস্ট™** ৫ বিলিয়ন স্যাশে: প্রতিটি বাক্সে আছে ৩০টি স্যাশে।

TM = ট্রেডমার্ক

RADIANT NUTRACEUTICALS

প্রস্তুতকারক

**রেডিয়েন্ট নিউট্রাসিউটিক্যাল্স লিমিটেড** (হারবাল ডিভিশন)

বি-৩৪, বিসিক শিল্প এলাকা

টঙ্গী, গাজীপুর-১৭১০, বাংলাদেশ